# শিক্ষাক্ষেত্রে অনেক অগ্রগতি হয়েছে-শিক্ষামন্ত্রী

ঢাকা, ১০ ফেব্রুয়ারি ২০১৯

শিক্ষামন্ত্রী  ডা. দীপু মনি বলেছেন, শিক্ষাক্ষেত্রে অনেক উন্নতি ও অগ্রগতি হয়েছে। আমাদের শিক্ষার্থীরা ক্রমান্বয়ে ভাল করছে। শিক্ষা বিষয়ক তথ্য সঠিকভাবে সন্নিবেশ , তথ্যের বিশ্লেষণ এবং সঠিক কাজে লাগানোর মাধ্যমে শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সম্ভব। নীতিনির্ধারণী পর্যায়ে তথ্যকে কাজে লাগানো সম্ভব হবে।

শিক্ষামন্ত্রী আজ ঢাকায় বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) সম্মেলন কক্ষে 'বাংলাদেশ এডুকেশন স্ট্যাটিস্টিকস্ ২০১৮' চুড়ান্তকরণের লক্ষ্যে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার মূল উদ্দেশ্য শুধু পাঠ্যপুস্তকের জ্ঞান অর্জন নয়, নৈতিকতা, আদর্শসহ পরিপূর্ণ মানুষ হওয়া। আমাদের শিক্ষা ব্যবস্থা, জীবন-যাপন পদ্ধতি নিয়ে হীনমন্যতার কোন কারন নেই। আমাদের শিক্ষা ব্যবস্থারও সুদীর্ঘ ঐতিহ্য রয়েছে। তিনি বলেন, মানসম্মত শিক্ষার জন্য মানসম্মত শিক্ষক প্রয়োজন। শিক্ষার উন্নয়নে সঠিকভাবে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান।

ব্যানবেইস-এর মহাপরিচালক মো. ফসিউল্লাহ্‌র সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন এবং করিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর। 'বাংলাদেশ এডুকেশন স্ট্যাটিস্টিকস্ ২০১৮' বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পেশ করেন ব্যানবেইসের বিশেষজ্ঞ শেখ মো. আলমগীর।

## বাংলাদেশ এডুকেশন রিপোর্টার্স ফোরামের অভিষেক অনুষ্ঠান

এর আগে শিক্ষামন্ত্রী জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) মিলনায়তনে বাংলাদেশ এডুকেশন রিপোর্টার্স ফোরাম (বিইআরএফ)-এর অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় তিনি বলেন, সাংবাদিকগণ সরকার ও জনগনের মধ্যে সেতুবন্ধ রচনা করেন। তথ্য জনগনের কাছে পৌঁছে দেন। সে তথ্যটি বস্তুনিষ্ঠ হতে হবে। সরকার ভুল করলে সেই ভুল অবশ্যই তুলে ধরবেন। শিক্ষামন্ত্রী আরো বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সরকারের এবারের ইশতেহারে একটি বড় অঙ্গীকার মানসম্মত শিক্ষা। বিগত ১০ বছরে শিক্ষায় অনেক অর্জন রয়েছে। কিছু চ্যালেঞ্জও আছে। মান অর্জনের বিষয়টিও আমাদের বিবেচনায় রয়েছে। এক্ষেত্রে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন, করিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. সৈয়দ মো. গোলাম ফারুক, নায়েমের মহাপরিচালক আহাম্মেদ সাজ্জাদ রশিদ, এনসিটিবি'র চেয়ারম্যান প্রফেসর নারায়ন চন্দ্র সাহা, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক, বিইআরএফ-এর সভাপতি মোস্তফা মল্লিক এবং সাধারন সম্পাদক এস এম আব্বাস।

মোহাম্মদ আফরাজুর রহমান
উপ-প্রধান তথ্য অফিসার
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯